দৈনিক ইত্তেফাক

40

DEC 0 4 1999
তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৩ ... কলাম ... ৫......

# বরগুনায় সাক্ষরতা আন্দোলনের জন্য ২ কোটি টাকা বরাদ্দ

বরগুনা (উত্তর) সংবাদদাতা ॥ গত মঙ্গলবার বরগুনা জেলায় সাবিক সাক্ষরতা আন্দোলনের ঘোষণা দেওয়া হয়। জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এক মতবিনিময় সভায় প্রাথমিক ও গণশিক্ষা সচিব ডঃ সাদত হুসাইন এই ঘোষণা দেন। তাঁহার সঙ্গে ছিলেন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক

( ১২শ পৃঃ দ্রঃ )

## বরগুনায় সাক্ষরতা

( ৩য় পৃঃ পর )

সালেহ মতিন, গণশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক এএসএম আবদুল হালিম, প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন ও পরিবীক্ষণ ইউনিটের মহাপরিচালক ডঃ এম আনোয়ারুল হক প্রমুখ। সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক মোঃ ফখরুল ইসলাম। সাবিক সাক্ষরতা আন্দোলনে বরগুনার প্রায় ১ লক্ষ নিরক্ষর লোকের জন্য ২ কোটি টাকা বরাদ্দ করা হইয়াছে। ১লা জানুয়ারী কার্যক্রম শুরু হইবে।